



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সার্কুলার নং-ডিএমডি-০৭/২০১৬

৩০ অগ্রহায়ণ, ১৪২৩
তারিখ : -----
১৪ ডিসেম্বর, ২০১৬

নির্বাহী পরিচালক/মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক

মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বগুড়া/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সদরঘাট, ঢাকা।

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশের সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউ.এস.ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউ.এস.ডলার প্রিমিয়াম বন্ড
লিয়ন/জামানত রেখে ঋণমঞ্জুরী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে Wage Earner Development Bond, U.S. Dollar Investment Bond ও U.S. Dollar Premium Bond Rules- এর ধারা যথাক্রমে 4(6), 4(5) ও 4(5) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে এবং তদানুযায়ী সংশ্লিষ্ট বন্ডসমূহ জামানত রেখে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ঋণ প্রদানের অনুমোদন দেয়া হলো:-

১. ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউ.এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউ.এস.ডলার প্রিমিয়াম বন্ডসমূহ লিয়ন রেখে ক্রয়কৃত বন্ডের অভিজিত মূল্যের (Face value) সর্বোচ্চ ৭৫% (পঁচাত্তর শতাংশ) ঋণ সীমা নির্ধারণ করা হলো।
২. গ্রাহকের ক্রয়কৃত বন্ডসমূহ তার নিজ নামে গৃহীত ঋণের বিপরীতে লিয়ন/জামানত রাখতে পারবে।
৩. ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউ.এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউ.এস.ডলার প্রিমিয়াম বন্ডসমূহ কোনক্রমেই তৃতীয় পক্ষ জামানত (3rd party guaranty) হিসেবে হস্তান্তরযোগ্য নয়।
৪. ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউ.এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউ.এস.ডলার প্রিমিয়াম বন্ডসমূহ লিয়ন রেখে প্রাপ্ত ঋণের অর্থ শুধুমাত্র বাংলাদেশের অভ্যন্তরে বিনিয়োগ করতে হবে, কোনক্রমেই এ অর্থ বিদেশে স্থানান্তরযোগ্য নয়।
৫. বহিঃবাংলাদেশ কোন ব্যাংক শাখা হতে বন্ডসমূহ লিয়ন রেখে কোন প্রকার ঋণ প্রদান করা যাবে না। তবে বহিঃবাংলাদেশের ব্যাংক শাখা হতে ক্রয়কৃত বন্ডের বিপরীতে দেশীয় ব্যাংক শাখা হতে ঋণ সুবিধা গ্রহণ করতে পারবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আওলাদ হোসেন চৌধুরী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩১

ই-মেইলঃ awlad.hossain@bb.org.bd